AA/RO
২৮/৯/২২

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, প্রশাসন বিভাগ, কুর্মিটোলা
বোর্ড ও সমন্বয় শাখা
www.caab.gov.bd

বিষয়: বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ১৯/০৯/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান, বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি।

সভার স্থান : সদর দপ্তর সম্মেলন কক্ষ।

সভার তারিখ : ১৯/০৯/২০২২ খ্রিঃ।

সভার সময় : বেলা ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত। এছাড়া বিমানবন্দর ব্যবস্থাপকগণ অনলাইনে (Zoom) এর মাধ্যমে যুক্ত হন।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে পরিচালক (প্রশাসন) সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী বিষয়গুলো পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | কোনো সংশোধনী না থাকায় আগষ্ট/২০২২ মাসের কার্যবিবরণী অনুমোদন করা হলো। | | পরিচালক (প্রশাসন) |
| ২. | শূন্য পদ পূরণ | নিয়োগ বিধিমালা-২০২১ অনুযায়ী কর্তৃপক্ষের পদোন্নতি কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে জানুয়ারি/২০২২ হতে এ পর্যন্ত ১৫০ (একশত পঞ্চাশ) জন কর্মকর্তা/কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে। ১৬২০টি পদে নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে নিয়োগ কমিটি কর্তৃক সরকারি বিধিবিধান, কোটা ইত্যাদি বিবেচনাপূর্বক ৯ম গ্রেডের ৩৮ জন ও ১৪ হতে গ্রেড-২০ পর্যন্ত মোট ৯২৯ জনের ফলাফল ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে, প্রার্থীদের স্থায়ী ঠিকানায় নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে এবং প্রার্থীদের মোবাইল নম্বরে এসএমএস প্রেরণ করা হয়েছে। ১৪/০৯/২০২২ তারিখ পর্যন্ত ৯ম গ্রেডের ৩৩ জন এবং ১৪ থেকে ২০ গ্রেডের ৫৬৬ জন কর্মকর্তা কর্মচারী বিভিন্ন পদে যোগদান করেছেন। এছাড়া, ১৭ তম গ্রেডের ২৫৮ জন প্রার্থীর যোগদানের জন্য ২১/০৯/২০২২ তারিখ দিন ধার্য আছে। যোগদানের জন্য পত্র প্রেরণ করা হলেও ১১০ জন কর্মকর্তা-কর্মচারী নির্ধারিত সময়ে যোগদান করেনি। যেসকল পদের ফলাফল এখনও প্রকাশ করা হয়নি তা খুব শীঘ্রই প্রকাশ করা হবে। | (ক) নিয়োগ বিধিমালা-২০২১ অনুযায়ী শূন্য পদ পূরণের জন্য স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শূন্যপদে নিয়োগ কার্যক্রম শেষ করতে হবে ও পদোন্নতি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) পদ অনুযায়ী নির্দিষ্ট পদে নতুন লোক পদায়ন দেওয়ায় ভিন্নপদে যারা কাজ করছে তাদেরকে স্বপদে ফেরত পাঠাতে হবে। | সদস্য (প্রশাসন)/পরিচালক (প্রশাসন)<br><br>সদস্য (সকল)/প্রধান প্রকৌশলী/পরিচালক (সকল)/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)/বিমানবন্দর ব্যবস্থাপক(সকল) |
| ৩. | ওয়েবসাইট উন্নয়ন | ক) পরিচালক (সিএনএস) জানান যে, নতুন ওয়েবসাইট অপারেশনে আছে। বিভিন্ন মডুল মডিফিকেশনের কাজ ও পুরাতন ওয়েব সাইট হতে নতুন ওয়েব সাইটে ডাটা হাল নাগাদের কাজ চলছে। যেসব দপ্তর এখনও তথ্য দেয়নি তাদের প্রয়োজনীয় তথ্য দেওয়ার জন্য অনুরোধ করা হলো। সভায় আলোচনা হয় যে বিভিন্ন দিবস ভিত্তিক প্রোগ্রামের তথ্য ও ছবি, হশাআবি এর May I Help You সহ বিভিন্ন প্রোগ্রামের তথ্য ওয়েবসাইটে দিতে হবে। পরিচালক (সিএনএস) আরও জানান যে, নতুন ওয়েবসাইটের কন্ট্রোল প্যানেলের কাজ চলমান আছে। কন্ট্রোল প্যানেলের কাজ সমাপ্ত ও হস্তান্তর করা হলে সিএএবি কর্তৃক মডিফিকেশনের কাজ সম্ভব হবে। | ক) কর্তৃপক্ষের ওয়েবসাইট দৃষ্টিনন্দনের কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে। তাছাড়া ওয়েবসাইটে হশাআবি'র জন্য একটি কর্নার রাখতে হবে যেন সেবাগ্রহিতাগণ সকল প্রকার তথ্য জানতে পারে।<br>খ) রবি'র নিকট হতে নেয়া কর্পোরেট সিম ব্যবহারে সমস্যাসমূহ দূরীকরণে | (ক) নির্বাহী পরিচালক (সেমস্)/ পরিচালক (সিএনএস)/ |

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>খ) পরিচালক (সিএনএস) জানান যে, রবি সীম এর Network এর বিভিন্ন মডুল মডিফিকেশনের কাজ চলমান। এছাড়া, DAS (ডিস্ট্রিবিউশন অ্যান্টেনা সিস্টেম): ১১০ টির মধ্যে ৪৮ টির কাজ সম্পন্ন হয়েছে। বাকী ৬২ টির সংস্থাপনের কাজ শেষ হতে কয়েক সপ্তাহ লাগবে এবং সিলিং খোলার জন্য নিয়ম অনুযায়ী সিভিল এভিয়েশনের অথোরাইড ভেন্ডরের মাধ্যমে কাজটি সম্পন্ন করা হবে।<br><br>গ) পরিচালক (সিএনএস) জানান যে, হশাআবিতে রবি নেটওয়ার্ক সক্রিয়করণের লক্ষ্যে হশাআবি বিমানবন্দরের অভ্যন্তরে Roof অ্যান্টেনা সংস্থাপনের কাজ শুরু হয়েছে। এছাড়া কাওলা আবাসিক এলাকায় রবির টাওয়ার বসানোর জন্য নির্ধারিত স্থানটি প্রস্তাবিত হেলিপ্যাড এর এপ্রোচ এরিয়ার মধ্যে হওয়ায় টাওয়ার বসানো সম্ভব হচ্ছে না। এবিষয়ে সম্পত্তি শাখা ও প্রকৌশল বিভাগের সমন্বয়ে স্থান নির্ধারণ সাপেক্ষে পরবর্তীতে টাওয়ার বসানো কার্যক্রম গ্রহণ করা হবে।</td><td>রবি'র সাথে সার্বক্ষণিক যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(গ) হশাআবিতে রবি নেটওয়ার্ক সক্রিয়করণের লক্ষ্যে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের আবেদন পুনরায় যাচাই পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>(খ) সদস্য (এটিএম)/ পরিচালক (এটিএম)/ পরিচালক (সিএনএস)<br><br>(গ) সদস্য(এটিএম)/ নির্বাহী পরিচালক (হশাআবি)/পরিচালক (সিএনএস)</td></tr>
<tr><td>৪.</td><td>প্রশিক্ষণ</td><td>(ক) পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি) জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে কোর্স প্লান ও এপিএ-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রয়োজনীয় কোর্সসমূহের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি ২০২২-২৩ অর্থ বছরেও কোর্স প্লান অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। জুন/২২ পর্যন্ত পাঁচশত/ছয়শত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ দেওয়া যাবে। সভাপতি জানান যে, কিছু অনলাইনে কোর্স রাখতে হবে। সদর দপ্তর এভসেক বিভাগসহ বিভিন্ন এয়ারপোর্টে কোর্স আয়োজনের ব্যবস্থা রাখতে হবে।<br><br>(খ) পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি) জানান যে, ICAO এর Trainairplus Membership Regain করার জন্য ICAO GAT এর সঙ্গে যোগাযোগ অব্যাহত আছে। ICAO অনুমোদন পেলে গত বছরের ন্যায় ২০২২-২৩ অর্থ বছরেও International ট্রেনিং Course করানো হবে।<br><br>(গ) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ও শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে নিয়মিত বিভিন্ন মেয়াদে On the Job Training করানো হয়। এছাড়া, অন্যান্য বিমানবন্দরেও OJT কার্যক্রম চালু আছে। APA- তে বর্ণিত লক্ষ্যমাত্রা অনুসারে কর্মকর্তা ও কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।</td><td>ক) অনুমোদিত Course Plan এর টার্গেট অনুযায়ী সিএটিসি'র প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।<br><br>(খ) ICAO এর পূর্ণ সদস্যপদ পাওয়ার জন্য চেষ্টা অব্যাহত রাখতে হবে। ইন্টারন্যাশনাল ট্রেনিং কোর্সের জন্য ICAO এর সাথে যোগাযোগ করতে হবে।<br><br>(গ) সকল বিমানবন্দরে নিয়মিত On the Job Training -এর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এর তথ্য প্রতি মাসের ১-৩ তারিখের মধ্যে নির্ধারিত ছক মোতাবেক সদর দপ্তরের প্রশাসন বিভাগে আবশ্যিক ভাবে প্রেরণ করতে হবে।<br><table><tr><th>দপ্তর/ ইউনিটের নাম</th><th>প্রশিক্ষণের বিষয়বস্তু</th><th>প্রশিক্ষণের সময়কাল</th><th>প্রশিক্ষণে উপস্থিতির সংখ্যা</th></tr><tr><td></td><td></td><td></td><td></td></tr></table></td><td>(ক)পরিচালক(সিএএ)<br><br>(খ) পরিচালক(সিএএ)<br><br>(গ) নির্বাহী পরিচালক (হশাআবি)/ নির্বাহী পরিচালক (সেমস)/ পরিচালক (সকল)/ পরিচালক (সিএএ)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)</td></tr>
<tr><td>৫.</td><td>কোর্ট মামলা</td><td></td><td></td><td></td></tr>
<tr><td></td><td>বেবিচকের কোর্ট মামলা নিষ্পত্তি</td><td>ক) প্রশাসনিক মন্ত্রণালয়ে 'ছক' মোতাবেক তথ্য প্রেরণ অব্যাহত আছে। আগষ্ট/২০২২ মাসের কোর্ট মামলার বিবরণী:<br><table><tr><th>বিবরণ</th><th>সংখ্যা</th><th>মন্তব্য</th></tr><tr><td>জুলাই/২২ মাসের জের</td><td>২৯৪টি</td><td>--</td></tr><tr><td>আগষ্ট/২২ মাসে দায়ের</td><td>০৪</td><td>১। ভবন নির্মাণ সম্পর্কিত উচ্চতা বিষয়ে ........<br>২। ভবন নির্মাণ সম্পর্কিত উচ্চতা বিষয়ে ........<br>৩। ইজারা নবায়ন সংক্রান্ত...<br>৪। চাকুরী সংক্রান্ত....... ০৬ (ছয়)টি পদ আদেশ প্রদানের তারিখ হতে আগামী ০৬ মাসের জন্য খালি রাখার নির্দেশনা প্রদান করেন।</td></tr><tr><td>মোট মামলা</td><td>২৯৮টি</td><td></td></tr><tr><td>আগষ্ট/২২ মাসে নিষ্পত্তি</td><td>০১</td><td>জনাব মোঃ আবু বকর সিদ্দিক, সিনিয়র সাব-এসিসটেন্ট ইঞ্জিনিয়ার ১০ম গ্রেড হতে ৯ম গ্রেডে পদোন্নতি দেয়া সত্ত্বেও শূন্য পদে পদায়ন না দেয়ার কারণে মাননীয় সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন- ৭৯১৬/২০১৭ দায়ের করেন............</td></tr></table></td><td>ক) নির্ধারিত ছক অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ অব্যাহত রাখতে হবে।</td><td>পরিচালক (এটিএম)/ আইন কর্মকর্তা</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td><table>
<tr><td>মাস শেষে অনিষ্পন্ন</td><td>২৯৭টি</td><td>--</td></tr>
<tr><td>মামলার রায় বিপক্ষে যাওয়ার কারণ</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>আপীল করা হয়েছে কিনা</td><td>--</td><td>মামলার সাটিফাইড কপি প্রাপ্তি সাপেক্ষে (ক)এ,টি-৩২৫/২০১৮ মামলার বিগত ০৫/০৪/২০২২ তারিখের আদেশের বিরুদ্ধে আপিলেট ট্রাইব্যুনালে আপিল মামলা দায়েরে জন্য এবং খ) রিট পিটিশন-৮৯৬৪/২০২১ মামলার বিগত ২৬/০৭/২০২২ তারিখের আদেশের বিরুদ্ধে (গ) রিট পিটিশন-৮৭২১/২০২২ মামলার বিগত ০১-০৮-২২ তারিখের আদেশের বিরুদ্ধে আপিল মামলা দায়েরের জন্য সংশ্লিষ্ট আইনজীবী'র নিকট প্রেরণ করা হয়েছে।</td></tr>
</table>
খ) পরিচালক (প্রশাসন) জানান যে, মামলা সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ আইনজীবিদের মতামতের উপর ভিত্তি করে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এ বছরের/২০২২ শুরুতে কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে মামলা সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ আইনজীবিদের সাথে সভার আয়োজন করা হয় এবং কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অক্টোবর/২০২২ মাসের মাঝামাঝি পুনরায় সভায় আয়োজন করা যেতে পারে।<br>গ) যে সকল মামলার রায় বেবিচকের বিপক্ষে গেছে সেগুলোর সার্টিফাইড কপি পাওয়ার পর যথাসময়ে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।</td><td>খ) মামলা সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ আইনজীবীদের মতামতের উপর ভিত্তি করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। আইনজীবীদের সাথে মাঝে মাঝে সভার আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>গ) যে সকল মামলার রায় বেবিচকের বিপক্ষে গেছে তার সার্টিফাইড কপি পাওয়ার পর নির্ধারিত সময়সীমার মধ্যে আপিল দায়ের করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৬.</td><td>বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA)</td><td>ক) গত ০১/০৭/২০২২ তারিখে মন্ত্রণালয় সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>খ) ২০২২-২৩ এর APA লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে মন্ত্রণালয় থেকে পত্র প্রদান করা হয়েছে সে মোতাবেক লক্ষ্যমাত্রা অর্জনে কর্তৃপক্ষ সচেষ্ট আছে। প্রতিটি বিভাগের সাথে এপিএ সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের অগ্রগতি ও কর্মপরিকল্পনা নিয়ে পৃথক সভা অনুষ্ঠিত হয়েছে। এপিএ-এর কার্যক্রম হিসেবে হশাআবি-তে Mujib's Bangladesh উপলক্ষ্যে ৩-৯ আগষ্ট/২০২২ বিশেষ সেবা সপ্তাহ পালন করা হয়েছে। এপিএ ২০২২-২৩ অন্তর্ভূক্ত ৫টি কার্যক্রম/লক্ষ্যমাত্রা পরিবর্তনের লক্ষ্যে যৌক্তিকতা সহকারে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ রা হয়েছে।</td><td>(ক) মন্ত্রণালয় সংশ্লিষ্ট এপিএ-এর কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন যথা সময়ে প্রেরণ করতে হবে।<br>(খ) APA তে ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সর্বোচ্চ উদ্যোগ বজায় রাখতে হবে।</td><td>(ক ও খ) পরিচালক (সকল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)/ এপিএ টিম প্রধান/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td></tr>
<tr><td>৭.</td><td>জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন</td><td>পরিচালক (প্রশাসন) জানান যে, গত ০৩/০৭/২০২২ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২এর বার্ষিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।</td><td>শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন)।</td></tr>
<tr><td>৮.</td><td>সিএএবি'র নাগরিক সেবায় উদ্ভাবনীমূলক কার্যক্রম ও ই-সার্ভিস বাস্তবায়ন কাজের অগ্রগতি</td><td>ক) পরিচালক (সিএনএস-১) জানান যে, 'Digital Airport Services' এর কার্যক্রম আইসিটি বিভাগ কর্তৃক নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠান কাজ করছে। নভেম্বর/২২ এর মধ্যে শেষ হবে তা মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান জানিয়েছেন। সকল কাজ শেষে আগামী ডিসেম্বর/২২ এ User Acceptance Test করা সম্ভব হবে। সভাপতি এ বিষয়ে একটি Presentation এর আয়োজন করার জন্য নিদেশ প্রদান করেন।<br>খ) বেবিচক-এর ইনোভেশন টিমের কার্যক্রম অব্যাহত আছে। হশাআবি এর টার্মিনাল ভবনের গেট সমূহের সম্মুখে ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে যাত্রীদেরকে ফ্লাইট সংক্রান্ত তথ্য সেবা প্রদানের লক্ষ্যে প্রণীত ই-সেবাটি বাস্তবায়িত হয়েছে। এছাড়া, সাধারণ ভবিষ্যত তহবিল হতে কর্মচারীদের অর্থ উত্তোলন বিষয়ক সেবা সহজিকরণ বাস্তবায়ন সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়েছে। গত ১৭/০৬/২২ ও ১৮/০৬/২২ তারিখে ৪র্থ শিল্প বিপ্লবের উপর ২টি কর্মশালা সিএএতে</td><td>ক) 'Digital Airport Services' এর কার্যক্রমের সকল কাজ সমাপ্ত করে ১৬ ডিসেম্বর/২০২২ তারিখ আনুষ্ঠানিকভাবে চালু করতে হবে।<br>খ) ইনোভেশন টিমের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>নির্বাহী পরিচালক (হশাআবি/ পরিচালক (সিএনএস)/ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>অনুষ্ঠিত হয়েছে। কর্তৃপক্ষের চেয়ারম্যান উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে কর্মশালা উদ্বোধন করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>৯.</td><td>অভিযোগ ও গণশুনানী</td><td>ক) পরিচালক (প্রশাসন) জানান যে, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির মাসিক প্রতিবেদন স্মারক নম্বর ৩০২১১.০০০০.৩১. .২২.০১০.৩১. ১০৭৪, তারিখ: ০৪/০৯/২০২২ এর মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অভিযোগ প্রতিকারের বিষয়ে গত ২৯/০৭/২০২২ তারিখ একদিনের প্রশিক্ষণের আয়োজন করা হয়।<br>খ) গত ১০/০৮/২০২২ তারিখ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে গণশুনানী অনুষ্ঠিত হয়েছে। এছাড়া, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে ২৮/০৬/২০২২ তারিখ স্টেকহোল্ডারদের সভা ও ১৩/০৬/২০২২ তারিখ গণশুনানী অনুষ্ঠিত হয়েছে এবং ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এ গত ১৫/০৬/২০২২ তারিখ গণশুনানী ও ১৩/০৬/২০২২ তারিখ স্টেকহোল্ডারদের সভা অনুষ্ঠিত হয়। সভাপতি জানান যে, গণশুনানী অনুযায়ী যেসকল এ্যাকশন নিতে হবে তা পুনরায় পত্রের মাধ্যমে স্টেকহোল্ডারকে অবহিত করতে হবে।</td><td>ক) নির্ধারিত ছক অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br>খ) প্রত্যেক বিমানবন্দর হতে প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি স্টেকহোল্ডার সভা ও ১টি গণশুনানীর আয়োজন করতে হবে এবং গণশুনানীতে চেয়ারম্যানকে আমন্ত্রণ জানাতে হবে। গণশুনানীর ফিডব্যাক এর জন্য স্টেক হোল্ডারদের পত্র দিতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন)/ (হশাআবি)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)।</td></tr>
<tr><td>১০.</td><td>বিভাগীয় মামলা</td><td>ক) অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে এবং নির্ধারিত ছক অনুযায়ী মামলাসমূহের তথ্য প্রেরণ অব্যাহত আছে। আগষ্ট/২০২২ মাসের বিভাগীয় মামলার বিবরণী:
<table>
<tr><th>বিবরণ</th><th>সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>জুলাই, ২০২২ মাসের জের</td><td>৩২টি</td><td>--</td></tr>
<tr><td>আগষ্ট, ২০২২ মাসে রুজুকৃত বিভাগীয় মামলার সংখ্যা (বিস্তারিতঃ কপি সংযুক্ত)।</td><td>০৩টি</td><td>(১) লিয়েনে গিয়ে ছুটি ভোগের পর কর্মস্থলে যোগদান না করা...(২) বোর্ডিং ব্রিজ-৬ দায়িত্ব পালনকালে উৎকোচ গ্রহণ ...(৩) হশাআবির যাত্রীর নিকট হতে প্রতারণার মাধ্যমে টাকা গ্রহণ</td></tr>
<tr><td>মোট মামলার সংখ্যা</td><td>৩৫টি</td><td>--</td></tr>
<tr><td>আগষ্ট/২০২২ মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</td><td>০০টি</td><td></td></tr>
<tr><td>মাস শেষে অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</td><td>৩৫টি</td><td>--</td></tr>
</table>
৬ মাস বা তদুর্ধ্ব পেন্ডিং মামলার বিবরণ:
<table>
<tr><td>অনুর্ধ্ব ৬ মাস পেন্ডিং মামলা</td><td>১৪টি</td><td>--</td></tr>
<tr><td>অনুর্ধ্ব ১ বছর পেন্ডিং মামলা</td><td>০১টি</td><td>--</td></tr>
<tr><td>অনুর্ধ্ব ২ বছর পেন্ডিং মামলা</td><td>১০টি</td><td>--</td></tr>
<tr><td>২ বছর উর্ধ্বে পেন্ডিং মামলা</td><td>১০টি</td><td>--</td></tr>
<tr><td>মোট মামলার সংখ্যা</td><td>৩৫টি</td><td>--</td></tr>
</table>
(খ) বিচার বিভাগীয় মামলাসমূহের আলোকে সৃজিত বিভাগীয় মামলাসমূহের তালিকা করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত আছে।<br>গ) পরিচালক (প্রশাসন) জানান যে, তদন্তকারী কর্মকর্তাদের থেকে তদন্ত প্রতিবেদন পাওয়া জন্য যোগাযোগ অব্যাহত আছে। চেয়ারম্যান জানান যে, বিভাগীয় মামলার ক্ষেত্রে মামলাসমূহ যথাযথভাবে দায়ের এবং তদন্ত করতে হবে। কর্মকর্তাগণ নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল না করলে সংশ্লিষ্ট কর্মকর্তার পদোন্নতির সমস্যা সৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকে। সে ক্ষেত্রে জুনিয়র কর্মকর্তাগণ পদোন্নতি পাওয়ায় মামলা চলমান কর্মকর্তা ক্ষতিগ্রস্ত হয়।</td><td>(ক) অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) বিচার বিভাগীয় মামলাসমূহের আলোকে সৃজিত বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) তদন্ত কর্মকর্তাগণ কে নির্ধারিত সময়সীমার মধ্যে সঠিকভাবে বিভাগীয় মামলা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন)/ আইন কর্মকর্তা।</td></tr>
<tr><td>১১.</td><td>অডিট আপত্তি নিষ্পত্তি</td><td>ক) ছক মোতাবেক তথ্য প্রেরণ অব্যাহত আছে। আগষ্ট/২০২২ মাসের অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন:
<table>
<tr><th>বিবরণ</th><th>সংখ্যা</th><th>টাকা (লক্ষ)</th></tr>
<tr><td>জুলাই/২০২২ মাসের জের</td><td>১১২৪</td><td>১৪৭২০০৪.০৫</td></tr>
<tr><td>আগষ্ট/২০২২ মাসে আগত</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>মোট আপত্তি</td><td>১১২৪</td><td>১৪৭২০০৪.০৫</td></tr>
<tr><td>আগষ্ট/২০২২ মাসে নিষ্পত্তি</td><td>০৫</td><td>১২৬৭.৭৪</td></tr>
</table></td><td>ক) অডিট আপত্তির বিষয়ে ছক মোতাবেক মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br>খ) অডিট আপত্তিসমূহ সম্ভাব্য দ্রুততম সময়ের</td><td>সদস্য (অর্থ)/ পরিচালক (অর্থ)/উপ-পরিচালক (অডিট)।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td>মাস শেষে অনিষ্পন্ন</td><td>১১১৯</td><td>১৪৭০৭৩৬.৩১</td></tr>
<tr><td>অনুষ্ঠিত দ্বি-পক্ষীয় সভার সংখ্যা</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার সংখ্যা</td><td>০২</td><td>৩৭৪৮.৪৩</td></tr>
</table>
খ) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে দ্রুত অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির বিষয়ে শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরের সাথে কর্তৃপক্ষের যোগাযোগ অব্যাহত আছে।<br>
গ) কেন্দ্রীয় অডিট অধিদপ্তরের সাথে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজন করার নিমিত্ত যোগাযোগ অব্যাহত আছে। পরিচালক (অর্থ) আরও জানান যে, জুলাই/২০২২ মাসে ৭৪.৪৮ লক্ষ টাকার ০৫টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে!</td>
<td>মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>গ) প্রতিমাসে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>১২.</td><td>হশাআবি'র বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালতের কার্যক্রম</td><td>বিজ্ঞ ম্যাজিস্ট্রেট জানান যে, ম্যাজিস্ট্রেটগণ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করছে। গুরুতর অপরাধের ক্ষেত্রে অর্থদন্ড ও সাজা দেওয়া হচ্ছে। এছাড়া, যাত্রীদের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির চেষ্টা অব্যাহত আছে। নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত আগষ্ট/২০২২ মাসের প্রতিবেদন নিম্নরূপ:
<table>
<tr><th>ম্যাজিস্ট্রেট এর নাম</th><th>কোর্ট মামলা</th><th>আসামীর সংখ্যা</th><th>আদায়কৃত অর্থের পরিমাণ</th><th>কারাদন্ড</th></tr>
<tr><td>জনাব মোঃ আলী আফরোজ</td><td>১০টি</td><td>১৪জন</td><td>১৬,৭০০/-</td><td>০০ জন</td></tr>
<tr><td>জনাব মোঃ মাসুম রেজা</td><td>৭০টি</td><td>৮০ জন</td><td>৪,১৮,৭০০/-</td><td>০৯ জন</td></tr>
<tr><td>জনাব মোঃ আজিজুর রহমান</td><td>৪৮টি</td><td>৬৫ জন</td><td>১,৫৪,০০০/-</td><td>১০ জন</td></tr>
<tr><td>মোট</td><td>১২৮টি</td><td>১৫৯ জন</td><td>৪,০৯,১০০/-</td><td>১৯ জন</td></tr>
</table></td>
<td>ক) হশাআবি'র বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগনের কার্যক্রমের মাসিক প্রতিবেদন ছক মোতাবেক সদর দপ্তর ও পরিচালক, হশাআবি'কে প্রেরণ করতে হবে।<br>খ) বিমানবন্দরে অবস্থিত money exchange ব্যাংকের বুথ গুলোতে foreign currencies গ্রহণ/বিক্রয় কার্যক্রম অটোমেশন করার জন্য পত্র দিতে হবে এবং কাষ্টমস এর ট্যাক্স গ্রহণকালে গ্রাহককে রশিদ দিতে হবে।</td>
<td>ক) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট হশাআবি<br><br>খ) নির্বাহী পরিচালক (হশাআবি)/পরিচালক (এটিএম)</td></tr>
<tr><td>১৩.</td><td>বিমান ও অন্যান্য এয়ারলাইন্সের নিকট সিএএবি'র বকেয়া পাওনা</td><td>(ক) বিভিন্ন দেশীয় এয়ারলাইন্স-কে বকেয়া পাওনা আদায়ের বিষয়ে পত্র প্রেরণ অব্যাহত রয়েছে।<br>
(খ) বকেয়া পাওনা আদায়ে এয়ারলাইন্সগুলোর সাথে নিয়মিত সভা করা হচ্ছে। তাছাড়া, ২৬টি বিদেশী এয়ারলাইন্সের কাছে পাওনাদির বিষয়ে চিঠি দেওয়া হয়েছে। সভাপতি জানান যে, ইউএস বাংলা এয়ারলাইন্স প্রফিট করায় তাদের বকেয়া পাওনা দ্রুত পরিশোধের জন্য পত্র দিতে হবে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সসহ অন্যান্য এয়ারলাইন্সের নিকট জুন/২০২২ পর্যন্ত বকেয়া রাজস্ব পাওনার পরিমাণ নিম্নরূপ:
<table>
<tr><th rowspan="2">এয়ারলাইন্সের নাম</th><th colspan="2">এপ্রিল/২০২২</th><th colspan="2">মে/২০২২</th><th colspan="2">জুন/২০২২</th><th rowspan="2">মোট (মূল-বিল, ভ্যাট, আয়কর, সারচার্জসহ)</th></tr>
<tr><th>বিল টাকা</th><th>পরিশোধ</th><th>বিল টাকা</th><th>পরিশোধ</th><th>বিল টাকা</th><th>পরিশোধ</th></tr>
<tr><td>বিমান বাংলাদেশ</td><td>১৬২১৬৪৩৫২.২০</td><td>১১০৫১৪২২৩.৮৮</td><td>১৬৮৩৯০৭৪৬.৩০</td><td>৯৯১৪৭৬৭৮.০৪</td><td>৭৫,১০৮,১৯৫.৭৭</td><td>৪৩৭,০৫৮,৪১৩.৩০</td><td>৪৮,৮৯২,৩৪৬,৬৬০.৮১</td></tr>
<tr><td>রিজেন্ট</td><td>০.০০</td><td>০.০০</td><td></td><td></td><td>-</td><td>-</td><td>৪,০৭৯,৯৪০,৩৭৫.৩৭</td></tr>
<tr><td>নভো এয়ার</td><td>৪২৮৮৬১০৯.৮৬</td><td>৬০৩৬৮৯৭.০০</td><td>৪৬৬১২৫০১.৪৬</td><td>৭৮৫৯৩৯৮.০০</td><td>১১,৩৪৭,৭৬৩.২১</td><td>৮,৫০৫,২৯২.০০</td><td>১০৭,৯৪৯,১৯৪.৬৯</td></tr>
<tr><td>ইউএস বাংলা</td><td>১৫৮৬৪৮১৭.৩৩</td><td>৮৮৬০৫২৪০.৮০</td><td>১৮৮৯৭৯২৭.৮৯</td><td>৮৪৮৬৩৯৬৭.০০</td><td>৮৭,২১৫,৪৩০.০৭</td><td>৯১,০২৩,৫০৬.৪১</td><td>-</td></tr>
<tr><td>ইউনাইটেড এয়ার</td><td>০.০০</td><td>০.০০</td><td>০.০০</td><td>০.০০</td><td>-</td><td>-</td><td>৩,৮৮৪,২৯৬,৪৬২.৭৬</td></tr>
<tr><td>জিএম জি</td><td>০.০০</td><td>০.০০</td><td>০.০০</td><td></td><td>-</td><td>-</td><td>৪,০৪১,০১৫,৫৮৫.০৮</td></tr>
<tr><td>মোট</td><td>২২০৯১৫২৭৯.৩৯</td><td>২০৫১৫৬৩৬১.৬৮</td><td>২৩৩৯০১১৭৫.৬৫</td><td>১৯১৮৭১০৪৩.০৪</td><td>১৭৩,৬৭১,৩৮৯.০৫</td><td>৫৩৬,৫৮৭,২১১.৭১</td><td>৬১,০০৫,৫৪৮,২৭৮.৭১</td></tr>
</table>
গ) পরিচালক (অর্থ) জানান যে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর সাথে বকেয়া পাওনা আদায়ের বিষয়ে নিয়মিত সভা করা হচ্ছে। বিমানের বকেয়া পাওনাদি আদায়ের বিষয়ে প্রত্যেক বিমানবন্দর ব্যবস্থাপকগণ আলাদাভাবে বিমানকে নিয়মিতভাবে পত্র প্রেরণ করছে। বিমানবন্দরগুলো হতে প্রাপ্ত পত্রের আলোকে বিমানের সকল বকেয়া পাওনাদির বিষয়ে সারসংক্ষেপ আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।</td>
<td>ক) বিভিন্ন এয়ারলাইন্সের কাছে (বিদেশী এয়ারলাইন্সসহ) সিএএবি'র বকেয়া পাওনা আদায়ের বিষয়ে নির্দিষ্ট সময় পর পর পত্র প্রেরণ করতে হবে।<br>খ) সকল এয়ারলাইন্স এর প্রতিনিধিবৃন্দের সাথে বকেয়া পাওনার বিষয়ে পৃথক সভার আয়োজন করতে হবে। বিদেশী এয়ারলাইন্সসহ বকেয়া পাওনা আদায়ের অগ্রগতি জানাতে হবে।<br>(গ) বিমান বাংলাদেশ এয়ার লাইন্স এর বকেয়া পাওনার বিষয়ে প্রত্যেক বিমানবন্দর হতে ব্যবস্থাপকগণ কর্তৃক আলাদাভাবে বিমান বাংলাদেশ এয়ার লাইন্স কে যে পত্র দেওয়া হয় তার কপি একত্রিত করে মন্ত্রণালয়ে দিতে হবে।</td>
<td>সদস্য (অর্থ)/ পরিচালক(অর্থ)/ পরিচালক (এটিএম)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)।<br><br>পরিচালক(অর্থ)/ পরিচালক (এটিএম)<br><br>পরিচালক (অর্থ)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)</td></tr>
<tr><td>১৪.</td><td>২০২১-২২ অর্থ বছরের বার্ষিক</td><td>উপ-পরিচালক (পরিকল্পনা) জানান যে, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হবার পর তা ইতোমধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সিদ্ধান্ত</td><td>২০২২-২৩ অর্থ বছরের APP মোতাবেক সকল ক্রয় কাজ সম্পাদন করতে হবে।</td><td>সদস্য(সকল)/ প্রধান প্রকৌশলী/ পরিচালক (সকল)/ বিমানবন্দর</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>ক্রয় পরিকল্পনা (APP) প্রণয়ন</td><td>মোতাবেক (APP) অনুযায়ী সকল ক্রয় কাজ সম্পাদন করার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।</td><td></td><td>ব্যবস্থাপক (সকল)/সংশ্লিষ্ট কমিটি</td></tr>
<tr><td>১৫.</td><td>ই-ফাইলিং কার্যক্রমের মাধ্যমে নথি নিষ্পত্তি কার্যক্রম বাস্তবায়ন</td><td>(ক) প্রত্যেক বিভাগের সংশ্লিষ্ট শাখায় ই-ফাইলিং ব্যবহারকারীগণকে ডাক ও নথি নিষ্পত্তির লক্ষ্যে প্রতিদিন ই-নথিতে লগইন করতে হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি) জানান যে, সিভিল এভিয়েশন একাডেমিতে নতুন কোর্স প্লান অনুযায়ী ই-ফাইলিং এর উপর ট্রেনিং করানো হবে। এছাড়া, অভ্যন্তরীণ ট্রেনিং এ ই-ফাইলিং এর উপর ট্রেনিং কোর্স চালু করা যেতে পারে।<br>(গ) এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল দপ্তরের অধিকাংশ কাজ ই-নথির মাধ্যমে সম্পন্ন করার জন্য সকল দপ্তর/বিভাগীয় প্রধান সর্বাত্নক প্রচেষ্টা অব্যাহত আছে। ই-ফাইলিং কার্যক্রমের আগষ্ট-২২ নিষ্পত্তির হার ৮৭ %। সভাপতি এ নিষ্পত্তির হার ৯০% এ উন্নীত করণের জন্য সর্বাত্নক প্রচেষ্ট অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>কর্তৃপক্ষের ই-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ আগষ্ট- ৩১ আগষ্ট, ২০২২):
<table>
<tr><th>নথির সংখ্যা</th><th>ডাক সৃজিত নোটে নিষ্পত্তি</th><th>নোটে নিষ্পত্তি</th><th>পত্র জারিতে নিষ্পন্ন নোট</th><th>মোট</th><th>মোট পত্রজারি</th></tr>
<tr><td>১৯৬</td><td>১৯০</td><td>৭৬৩</td><td>৮৮৯</td><td>১৮৪২</td><td>১৫৭৮</td></tr>
</table></td><td>(ক) প্রত্যেক বিভাগের সংশ্লিষ্ট শাখায় ই-ফাইলিং ব্যবহারকারীগণ কে ডাক ও নথি নিষ্পত্তির লক্ষ্যে প্রতিদিন ই-নথি লগইন করতে হবে এবং ই-নথির সমন্বয়কারীকে সকল দপ্তরে পত্র যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) সিএটিসি ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্স-এ নথি উপস্থাপনকারীদের ই-নথির উপর প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে।<br>(গ) এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল দপ্তরের অধিকাংশ কাজ ই-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে। এ ব্যাপারে সকল দপ্তর/বিভাগীয় প্রধানকে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>(ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)/ই-ফাইলিং ফোকাল পয়েন্ট কর্মকর্তা।<br>(খ) পরিচালক (সিএটিসি)<br>(গ) সকল বিভাগীয় দপ্তর প্রধান</td></tr>
<tr><td></td><td>বিবিধ-ক হশাআবি'র এভসেক বিভাগের কার্যক্রম উপস্থাপন।</td><td>(ক) নির্বাহী পরিচালক হশাআবি জানান যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আগষ্ট/২০২২ মাসের এভসেক বিভাগের কার্যক্রম নিম্নরুপ:
<table>
<tr><th>ঘটনার ধরণ/প্রকৃতি</th><th>তারিখ ও সময়</th><th>বিবরণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>গোলাবারুদ উদ্ধার</td><td>১৫/০৮/২২ ১১৩০ ঘটিকা</td><td>যাত্রীর নিকট হতে ০৫(পাচ) রাউন্ড (.৩২ বোর) তাঁজা বুলেট উদ্ধার।</td><td>অভিযুক্ত যাত্রীকে ০৫ রাউন্ড (.৩২ বোর) তাঁজা বুলেটসহ বিমানবন্দর থানায় হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td>মাদকদ্রব উদ্ধার</td><td>০৬/০৮/২২ ০৯১০ ঘটিকা</td><td>যাত্রীর নিকট হইতে ১১,৬২৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়</td><td>অভিযুক্ত ব্যক্তিকে প্রাপ্ত ইয়াবা ট্যাবলেটসহ মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর, হশাআবি নিকট হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td></td><td>১৪/০৮/২২ ২৩৩০ ঘটিকা</td><td>যাত্রীর নিকট হইতে ৬,০০০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়</td><td>অভিযুক্ত ব্যক্তিকে প্রাপ্ত ইয়াবা ট্যাবলেটসহ মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর, হশাআবি হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td>বৈদেশিক মুদ্রা উদ্ধার</td><td>০১/০৮/২২ ১৪২০ঘটিকা</td><td>যাত্রীর নিকট হইতে ৩২,২৫০ ডলার উদ্ধার।</td><td>অভিযুক্ত ব্যক্তিকে ৩২,২৫০ ডলারসহ কাষ্টমস কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td></td><td>০৫/০৮/২২ ১৮৪০ ঘটিকা</td><td>যাত্রীর নিকট হইতে ১৩০০ ডলার উদ্ধার।</td><td>অভিযুক্ত ব্যক্তিকে ১৩০০ডলারসহ কাষ্টমস কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td></td><td>০৮/০৮/২২ ০৪১০ ঘটিকা</td><td>যাত্রীর নিকট হইতে ২৪৭১০ ডলার,২০০০০ ইউরো এবং ৪৭৫ তুর্কি লিরা উদ্ধার।</td><td>অভিযুক্ত ব্যক্তিকে বিদেশী মুদ্রাসহ কাষ্টমস কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td>ঘুষ প্রতিরোধ</td><td>১৩/০৮/২২ ০৭১০ ঘটিকা</td><td>যাত্রীর নিকট হতে অবৈধভাবে ৫০ দিরহাম গ্রহণ</td><td>অভিযুক্ত ব্যক্তিকে বিজ্ঞ ম্যাজিস্ট্রেট, হশাআবি নিকট হস্তান্তর করা হয়</td></tr>
<tr><td></td><td>১৬/০৮/২২ ০০৫০ ঘটিকা</td><td>ক্যাবিন ক্রুর নিকট হতে অবধভাবে টাকা গ্রহণ</td><td>প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন</td></tr>
<tr><td></td><td>১৮/০৮/২২ ২৩৪৫ ঘটিকা</td><td>যাত্রীর নিকট হতে অবৈধভাবে টাকা গ্রহণ</td><td>অভিযুক্ত ব্যক্তিকে বিজ্ঞ ম্যাজিস্ট্রেট, হশাআবি নিকট হস্তান্তর করা হয়</td></tr>
<tr><td></td><td>২৮/০৮/২২ ঘটিকা</td><td>"</td><td>"</td></tr>
</table>
(খ) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এয়ার সাইডে যাতায়াতের জন্য ১৭ নং গেইট ও উত্তরায় বসবাসরত কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের আসা যাওয়ার সুবিধার্থে হশাআবির উত্তর প্রান্তে ADC গেইট চালু করণের জন্য সভায় আলোচনা হয়।</td><td>(ক) হশাআবির এভসেক শাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং এভসেকের কার্যক্রম মাস শেষে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।<br>(খ) হশাআবি এর এয়ারসাইডে যাতায়াতের জন্য ১৭ নং গেইট ও উত্তরায় বসবাসরত কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আসা যাওয়ার সুবিধার্থে হশাআবির উত্তর প্রান্তের ADC গেইট চালুর ব্যবস্থা নিতে হবে।</td><td>(ক) নির্বাহী পরিচালক (হশাআবি)<br>(খ) প্রধান প্রকৌশলী/ সদস্য (নিরাপত্তা)/ নির্বাহী পরিচালক (হশাআবি)</td></tr>
<tr><td></td><td>বিবিধ-খ প্রশাসনিক মন্ত্রণালয়ের পেন্ডিং চিঠিপত্র সংক্রান্ত।</td><td>পরিচালক (প্রশাসন) জানান যে, প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রাপ্ত পেন্ডিং পত্রসমূহের জবাব ক্রমান্বয়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। এছাড়া, মন্ত্রণালয়ে বেবিচকের যে সকল পেন্ডিং ইস্যু রয়েছে সেগুলো সংগ্রহপূর্বক এর অগ্রগতির বিষয়ে মন্ত্রণালয়ের সমন্বয় সভায় উপস্থাপন করা হয়ে থাকে।</td><td>প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রসমূহ পেন্ডিং না রেখে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক (সকল)</td></tr>
</table>

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | বিবিধ- গ<br>নারী এভিয়েশন কর্মীদের প্রণোদনা প্রদান | নারী এভিয়েশন কর্মীদের ২০২২-২০২৩ অর্থ বছরে প্রণোদনা প্রদানের নিমিত্ত একটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। আগামী বছর DGCA বাংলাদেশে অনুষ্ঠিত হবে। তখন নারী এভিয়েশন কর্মীদের প্রণোদনা প্রদানের বিষয়টি বাস্তবায়ন করা হবে। এ ব্যাপারে একটি Summary তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী প্রণোদনার অর্থের সিলিং ৩ লক্ষ, ২ লক্ষ ও ০১ লক্ষ টাকা নির্ধারণ করে অনুমোদন করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন যথা সময়ে বাস্তবায়ন করা হবে। | নারী এভিয়েশন কর্মীদের প্রণোদনা প্রদানের বিষয়ে নীতিমালা আগামী বছর DGCA- তে বাস্তবায়ন করতে হবে। | সদস্য (এফ,এস,আর)/ পরিচালক (অর্থ) |
| | বিবিধ-ঘ<br>কর্তৃপক্ষ'র পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক ও প্রকৌশল বিভাগের সমপর্যায়ের কর্মকর্তাদের কর্মবন্টন (Job Distribution ) | পরিচালক (প্রশাসন) জানান যে, সকল দপ্তর হতে (Job Distribution) এর তথ্য পাওয়া গেছে। তবে নির্বাহী পরিচালক (সেমসু) এর দপ্তর হতে তার নিয়ন্ত্রধাধীন দপ্তর/বিভাগ সমূহের Job Nature অনুযায়ী (Job Distribution) সংশোধন করতে হবে। | নির্বাহী পরিচালক (সেমসু) কে Job Nature অনুযায়ী (Job Distribution) সংশোধন কাজ দ্রুত সম্পন্ন করে প্রশাসন শাখায় জমা দিতে হবে। | নির্বাহী পরিচালক (সেমসু) |
| | বিবিধ-ঙ<br>ক) সেমসু জন্য নতুন ভবন নির্মাণ<br>খ) ICT & e-Governance Implemetation in CAAB বিষয়ে আলোচনা<br>গ)Disable Aircraft Removal System ক্রয় ও রক্ষণাবেক্ষণ | ক) প্রধান প্রকৌশলী জানান যে, সংশ্লিষ্ট সরকারি সংস্থা হতে নতুন রেটে প্রাক্কলন পাওয়া গেছে। আশা করা যায় অল্প কিছুদিনের মধ্যে সেমসু'র নতুন ভবন নির্মাণের দরপত্রের সকল কার্যক্রম শেষ করে কার্যাদেশ প্রদান করা যাবে।<br>খ) নির্বাহী পরিচালক (সেমসু) জানান যে, পূর্ববর্তী ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তির মেয়াদ শেষ হওয়ায় বর্ণিত মডিউল গুলোর রক্ষণাবেক্ষণ কাজে নতুন ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়োজিত করা হয়েছে। তিনি উল্লেখ করেন যে, পূর্ববর্তী ঠিকাদারের সহিত চুক্তির জন্য নবায়নের দর প্রস্তাবের তুলনায় বর্তমানে নিয়োজিত প্রতিষ্ঠানের দর অনেক কম। এ বিষয়ে সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন এবং এ কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া এ কাজের জন্য নতুন নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠান Tiger IT'র কে সার্বিকভাবে সহযোগীতা প্রদান করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান প্রদান করেন।<br>গ) Disable Aircraft Removal System ক্রয় ও রক্ষণাবেক্ষণ এর বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনা মোতাবেক প্রধান প্রকৌশলী বিভাগ কর্তৃক তা ক্রয় ও রক্ষণাবেক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | ক) সেমসু'র জন্য নতুন ভবন (ওয়ার হাউজসহ) নির্মাণ কাজ দ্রুত শুরু করতে হবে।<br>খ) বর্ণিত মডিউল গুলোর রক্ষণাবেক্ষণ কাজে নতুন নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠান Tiger IT'র কে সার্বিকভাবে সহযোগীতা করতে হবে।<br>গ)Disable Aircraft Removal System ক্রয়ের কার্যক্রম গ্রহণ করতে হবে এবং প্রকৌশল বিভাগ কর্তৃক উহা ক্রয় পরবর্তী রক্ষনাবেক্ষণ করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী/ নির্বাহী পরিচালক, সেমসু<br>(খ) নির্বাহী পরিচালক (সেমসু)<br>গ) প্রধান প্রকৌশলী |
| | বিবিধ-চ<br>বিমান কর্তৃক বেবিচক এর জমি ব্যবহার | ক) উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) জানান যে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক বিভিন্ন বিমানবন্দর ভিত্তিক কতটুকু জায়গা ব্যবহার করা হয়, তার সার্ভে রিপোর্ট জমা দেওয়া হয়েছে। হশাআবি'র যৌথ সাভে রিপোর্টে ০৩টি আপত্তিসহ বিমানের প্রতিনিধির স্বাক্ষর পাওয়া গেছে। সদস্য (অর্থ) জানান যে, বিমানের প্রতিনিধির সাথে বসা হয়েছিল। সিএএবির জায়গাসহ বেবিচকের পাওনাদির ১৯টি বিষয় তারা একমত পোষণ করেন এবং ০৫টি বিষয়ে তারা দ্বিমত পোষণ করেন। যেসকল বিষয়ে একমত পোষণ করেছে সে সব বিষয়ে বিমানের সাথে চুক্তি করতে হবে। সদস্য(প্রশাসন) জানান যে, বিমানকে অবশ্যই ভ্যাট দিতে হবে। এসব বিষয়ে বেবিচক ও বিমানের উর্দ্ধতন কর্মকর্তাগণ যৌথভাবে বসে সিদ্ধান্ত নিতে হবে।<br>(খ) উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) জানান যে, RAB ও APBN কে বরাদ্দ দেওয়া জমির অতিরিক্ত দখলকৃত জায়গায় বেবিচকের তৃতীয় টার্মিনালের ট্রাফিক প্লান ও মাষ্টার প্লান অনুযায়ী ওয়্যার হাউজ সহ অন্যান্য অবকাঠামো নির্মাণের | (ক) যৌথ সার্ভে রিপোর্ট অনুযায়ী বিমান বাংলাদেশ এয়ার লাইন্স এর অতিরিক্ত জায়গা অবৈধভাবে ব্যবহারের বিষয়ে উভয় পক্ষের উপস্থিতিতে সভা আয়োজনের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) যে সকল বিষয়ে সিএএবি কর্তৃপক্ষের সাথে বিমান একমত পোষণ করেন সে বিষয়ে উভয় পক্ষের উপস্থিতিতে বিমানের সাথে দ্রুত | পরিচালক (এটিএম) /উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা<br>পরিচালক (এটিএম) /উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | নির্মিত উক্ত জমি RAB এবং APBN-কে জরুরিভিত্তিতে বেবিচকের নিকট হস্তান্তরের জন্য তাদের সাথে আলোচনাক্রমে নির্দেশনা প্রদান করা হয় এবং এ ব্যাপারে উক্ত পক্ষগুলোর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। সভায় প্রধান প্রকৌশলী জানান যে, হশাআবিতে নির্মীয়মান ৩য় টার্মিনালের ট্রাফিক প্লান এর প্রেজেন্টেশন দেওয়া হয়েছে এবং মাষ্টার প্লানের নকশা করা হয়েছে। সদস্য (নিরাপত্তা) জানান যে, ৩য় টার্মিনালের ট্রাফিক প্লান ও মাষ্টার প্লানের নকশা চূড়ান্ত করে RAB ও APBN কে কর্তৃপক্ষের কর্ম পরিকল্পনা জানিয়ে দিতে হবে। | চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।<br>(গ) RAB ও APBN কর্তৃক ব্যবহৃত বরাদ্দের অতিরিক্ত জায়গা উদ্ধারের জন্য থার্ড টার্মিনালের পরিপূর্ণ মাষ্টারপ্লান/ নকশা (ওয়ার হাউজ ও এপ্রোচ রোডসহ) প্রস্তুত ও প্রকাশ করে জায়গা উদ্ধারের ব্যবস্থা নিতে হবে। | প্রধান প্রকৌশলী/ উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) |
| | বিবিধ-ছ অকেজো বিমান অপসারণ | সভায় জানানো হয় যে, অকেজো বিমান বাজেয়াপ্ত/নিলামের নিমিত্ত নিলাম বাস্তবায়ন কমিটি রয়েছে। উক্ত কমিটির কাজের সুবিধার্থে উড়োজাহাজগুলো উড্ডয়ণ উপযোগীকিনা তা যাচাই করার জন্য এফএসআর বিভাগের পরিচালক (এইএলডি) সভাপতিত্বে গঠিত কমিটি কাজ করছে। তারা Technical assessment করে রিপোর্ট প্রদান করবেন। তাদের রিপোর্ট পাওয়ার পর সার্ভে কমিটি কর্তৃক সার্ভে কাজ সম্পন্ন করে উড়োজাহাজগুলোর মূল্য নির্ধারণ করতঃ নিলামের পরবর্তী কার্য সম্পাদন করা হবে। | (ক) আলোচ্য উড়োজাহাজসমূহ উড্ডয়ণের উপযোগী কিনা তা যাচাই করার জন্য পরিচালক (এইএলডি) সভাপতিত্বে একটি টেকনিক্যাল কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি উড়োজাহজসমূহের বাহ্যিক আবরণ থেকে শুরু করে ইঞ্জিন, ফুয়েল, হুইল ইত্যাদির প্রতিবেদন উপস্থাপন করবে।<br>(খ) টেকনিক্যাল কমিটির সুপারিশ পাওয়ার পর মূল্য নির্ধারণের জন্য কর্তৃপক্ষের অর্থ ও এফএসআর বিভাগ হতে এবং সংশ্লিষ্ট কাজে দক্ষ কর্মকর্তাগণের সমন্বয়ে সার্ভে কমিটি গঠন করতে হবে। | (ক ও খ) সদস্য (পরিঃওপরিঃ)/ সদস্য (এফএসআর)/ পরিচালক (এটিএম) |
| | বিবিধ-জ জ্বালানী সাশ্রয়, বিদেশ ভ্রমণ সীমিত করণ এবং প্রকল্প বাস্তবায়নসহ অন্যান্য খাতে ব্যয় সংকোচন সংক্রান্ত | পরিচালক(প্রশাসন) জানান যে, বর্তমান বিশ্ব পরিস্থিতির কারণে বিশ্ববাজারে মূল্যস্ফীতি, জ্বালান ও বিদ্যুত সংকট মোকাবেলা করার নিমিত্ত বিদ্যুৎ খাতে ব্যয় হ্রাসের লক্ষ্যমাত্রা ২৫%, জ্বালানী খাতে ব্যয় হ্রাসের লক্ষ্যমাত্রা ২০% নির্ধারণ পূর্বক, বিদেশ ভ্রমণ সীমিতকরণ ও প্রকল্প বাস্তবায়নসহ অন্যান্য খাতে ব্যয় সংকোচনের নিমিত্ত প্রশাসনিক মন্ত্রণালয় হতে নির্দেশনা মোতাবেক জেনারেল ডিউটিতে যতটা সম্ভব জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয় করার চেষ্টা করা হচ্ছে কিন্তু কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনকরা সম্ভব হচ্ছে না। এছাড়া বর্তমানে জনবলও বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে সভাপতি জানান যে, জনবল অনুপাতে খরচ বাড়েনি তাছাড়া সরকারের অত্যাবশ্যকীয় সার্ভিস হিসাবে অপারেশনাল ডিউটি অক্ষুন্ন রেখে যেটুকু ব্যয় হ্রাস করলে সেবা অক্ষুন্ন থাকবে তার বেশী করা যাবে না। | নতুন জনবল নিয়োগের প্রেক্ষিতে কর্তৃপক্ষের জনবল বৃদ্ধি পাওয়ায় জ্বালানীর মাসিক ব্যবহার বৃদ্ধির প্রয়োজনীয়তা থাকা সত্তেও পূর্বের জ্বালানী ব্যবহার করা হচ্ছে। সে ক্ষেত্রে প্রকৃতপক্ষে জ্বালানী সাশ্রয় হচ্ছে। এছাড়া, এ সংস্থা একটি সার্বক্ষণিক অপারেশনাল সংস্থা। জ্বালানীর ব্যবহার আরো কমানো হলে অপারেশনাল কার্যক্রম ব্যাহত হওয়ার আশংকা রয়েছে। | সকল বিভাগীয় দপ্তর প্রধান |
| | বিবিধ-ঝ কুমিল্লা বিমানবন্দরের কে,পি,আই জরিপ প্রতিবেদন | কুমিল্লা বিমানবন্দরের ৭৭ একর জায়গার মধ্যে ৭৪ একর জায়গা সেনাবাহিনীর দখলে আছে। বাকি ০৩ একর জায়গা বিমানবন্দর কর্তৃপক্ষের দখলে আছে । সম্প্রতি কেপিআই সার্ভে টীম জরিপ পরিচালনা করে কিছু সুপারিশ পেশ করে। সুপারিশ সমূহ বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট দপ্তরে পত্র দেওয়া হবে। | কুমিল্লা বিমানবন্দরের কেপিআই জরিপ প্রতিবেদনের আলোকে সুপারিশ সমূহ বাস্তবায়নের নিমিত্ত কর্তৃপক্ষের সংশ্লিষ্ট বিভাগ/শাখা সমূহ ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রধান প্রকৌশলী/পরিচালক (প্রশাসন)/পরিচালক (সিএটিসি)/পরিচালক (ফায়ার) |
| | | প্রশাসনিক মন্ত্রণালয়ের সমন্বয় সভার আলোচ্য বিষয়সমূহ | | |
| ১। | Design, Development and Deployment of AT (Air Transportation) Management Software for | ঙ) Design. Development and Deployment of AT (Air Transportation) Management Software ক্রয়ের জন্য EOI আহ্বান করা হয়। ১৬টি প্রতিষ্ঠান হতে EOI পাওয়া যায়। প্রতিষ্ঠানগুলোর | ঙ) Design. Development and Deployment of AT (Air Transportation) Management Software ক্রয়ের | সদস্য (এফএসআর)/ নির্বাহী পরিচালক (সেমসু) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | CAAB on Turnkey basis. | আনুষঙ্গিক কাগজপত্র যাচাই-বাছাই সম্পন্ন হয়েছে। উক্ত সেবা ক্রয়ের পরবর্তী কার্যক্রম চলমান। | কার্যক্রম দ্রুত সম্পন্ন করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | |
| ২। | নতুন পাস পলিসি (Airport Pass Policy 2020) অনুযায়ী নিরাপত্তা পাস প্রবর্তন কার্যক্রম | চ) বিমানবন্দরে ব্যবহারের জন্য নতুন পাস পলিসি (Airport Pass Policy 2020) অনুযায়ী নিরাপত্তা পাস প্রবর্তনের জন্য Software, Hardware- সহ অন্যান্য সিস্টেম ক্রয়ের নিমিত্ত কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক সার্ভার সংস্থাপন সম্পন্ন হয়েছে। বর্তমানে Software টেস্টিং এর কাজ চলমান আছে। গেইট স্থাপনের জন্য মালামাল মওজুদ করা হয়েছে। শীঘ্রই তা স্থাপনের কাজ শুরু হবে। এছাড়া পাস প্রদানের বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়নের কাজ চলমান রয়েছে। | চ) বিমানবন্দরসমূহে বিমানবন্দর ভিত্তিক ব্যবহারের জন্য নতুনভাবে প্রণীত পাস পলিসি বাস্তবায়ন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। এছাড়াও পাস প্রদানের বিষয়ে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সদস্য(নিরাপত্তা) |
| ৩। | ড্রোনউড্ডয়ন নীতিমালা প্রণয়ন | জ) ড্রোন উড্ডয়ন নীতিমালাটি চূড়ান্তকরণের জন্য সময় বৃদ্ধি করা হয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে এ সংক্রান্ত সকল কাজ শেষ করে নীতিমালাটি চূড়ান্ত করা যাবে। | জ) ড্রোন উড্ডয়ন নীতিমালা দ্রুত প্রণয়ন করতে হবে। একইসাথে এসংশ্লিষ্ট প্রজ্ঞাপন সংশোধনের কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক(এফএসআর) |
| ৪। | হেলিপ্যাড ও হেলিপোর্ট স্থাপনের নীতিমালা প্রণয়ন | ঝ) হেলি প্যাড ও হেলিপোর্ট স্থাপনের নীতিমালা প্রণয়ন বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে কর্তৃপক্ষের মতামত প্রেরণ করা হয়েছে। | ঝ) এলিভেটেড হেলিপ্যাড ও হেলিপোর্ট স্থাপনের নীতিমালা প্রণয়ন দ্রুততম সময়ের সম্পন্ন করতে হবে। | ,, |
| ৫। | বিমানবন্দর ব্যবস্থাপনা | ঞ.১) বিমানবন্দর, গ্রাউন্ড হ্যান্ডলিং ও কার্গো ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ও মন্ত্রণালয়কে অবহিত রাখা হবে। | ঞ.১) বিমানবন্দর, গ্রাউন্ড হ্যান্ডলিং ও কার্গো ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে চালু রাখতে বেবিচক ও বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিশেষ কার্যক্রম অব্যাহত রাখবে ও মন্ত্রণালয়কে অবহিত করবে। | নির্বাহী পরিচালক (হশাআবি) |
| | | ঞ.২) ইতোমধ্যে চট্টগ্রামে সব ধরনের বিমান চলাচল শুরু করা হয়েছে। সিলেট হতে একমাত্র বিমান বাংলাদেশ এয়ারলাইন্সই আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনা করছে। এছাড়া অন্য কোন এয়ারলাইন্স চট্টগ্রাম ও সিলেট হতে আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনা করতে চাইলে বেবিচক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। | ঞ.২) চট্টগ্রাম ও সিলেট হতে আন্তর্জাতিক ফ্লাইট বৃদ্ধির বিষয়ে বেবিচক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। একইসাথে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক বর্ধিত ফ্লাইটের গ্রাউন্ড হ্যান্ডলিং সেবা সুষ্ঠুভাবে প্রদানে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | সদস্য (পরিঃ ও পরিঃ) |
| | | ঞ.৪) বিমানসহ অন্যান্য এয়ারলাইন্সের ভাড়া কমানোর বিষয়টি তাদের নিজস্ব ব্যাপার। সংশ্লিষ্ট এয়ারলাইন্স ও দেশি বিদেশী এজেন্সি (যারা তাদের টিকিট বিক্রয় করে) যৌথভাবে সিদ্ধান্ত নিয়ে ভাড়া কমাতে পারে। এবিষয়ে বেবিচক অন্যান্য এয়ারলাইন্সের সাথে আলোচনা করেছে। | ঞ.৪) প্রবাসী শ্রমিকদের সুবিধার্থে বিমানসহ অন্যান্য এয়ারলাইন্সের ভাড়া কমানোর বিষয়ে বেবিচক এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-কে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সদস্য (এফএসআর) |
| ৬। | সংশ্লিষ্ট আইন ও বিধি প্রণয়ন | ক) বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর বিধির খসড়া ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ বিধির প্রাথমিক খসড়া প্রস্তুত করা হয়েছে। যা নিয়ে সদস্য (প্রশাসন), সিএএবি এর সভাপতিত্বে গত ১৪/০৭/২০২২ তারিখ এক সভা অনুষ্ঠিত হয়েছে। বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর বিধি চূড়ান্ত হওয়ার পর বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ বিধির খসড়া প্রস্তুতের কাজ শেষ/চূড়ান্ত হবে। অন্যদিকে, বেবিচক'র কর্মকর্তা/কর্মচারিদের দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের জন্য নীতিমালার খসড়া প্রণয়ন করে ১৪/০৬/২০২২ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | ক) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ ও বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর বিধির খসড়া আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। বেবিচক'র কর্মকর্তা/কর্মচারিগণের দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের জন্য নীতিমালার খসড়া প্রণয়নপূর্বক শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | সদস্য (এফএসআর)/ সদস্য (প্রশাসন)/ পরিচালক, সিভিল এভিয়েশন একাডেমী |
| ৭। | "বিমান দুর্ঘটনা ও মারাত্মক ঘটনা বিধিমালা" | (খ) "বিমান দুর্ঘটনা ও মারাত্মক ঘটনা বিধিমালা" এর খসড়া পুনঃপরীক্ষা করে প্রেরণের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ নির্দেশনার প্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক বিমান দুর্ঘটনা ও মারাত্মক ঘটনা তদন্ত বিধিমালা, ২০২২ আরো সংশোধনক্রমে প্রেরণের জন্য বলা হয়েছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পর্যবেক্ষণ | (খ) "বিমান দুর্ঘটনা ও মারাত্মক ঘটনা তদন্ত বিধিমালা" প্রণয়নের কার্যক্রম নিদিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | সদস্য (এফএসআর) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | মোতাবেক বিধিমালাটি সংশোধন করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে তা চূড়ান্ত করে পুনরায় পাঠানো হবে। | | |
| ৮। | "বেসামরিক বিমান চলাচল নীতিমালা"র খসড়া প্রণয়ন | গ) "বেসামরিক বিমান চলাচল নীতি"-র প্রাথমিক খসড়া প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে মন্ত্রণালয় কর্তৃক একাধিকবার এ বিষয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। আরও কয়েকটি সভা করে নীতিমালাটি চূড়ান্ত করা হবে। | গ) সময় নির্ধারণপূর্বক "বেসামরিক বিমান চলাচল নীতি"-র খসড়া প্রণয়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সদস্য (এফএসআর) |
| ৯। | সংস্থাসমূহের বেদখলকৃত জমি সংক্রান্ত | খ) নতুন কোন বিমানবন্দর সফর করা সম্ভব হয়নি। ইতঃপূর্বে পটুয়াখালী স্টলপোর্টের বেদখলকৃত জমির তথ্য উপস্থাপন করা হয়। সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, উক্ত ভুমির খতিয়ান সৃজন হয়নি। খতিয়ান সৃজন ও নামজারির জন্য সংশ্লিষ্ট ভূমি অফিসে আবেদন করা হয়েছে।<br>গ) ব্রিটিশ আমলে নির্মিত তৎকালীন বিমানবন্দরসমূহের জায়গাগুলো প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সংশ্লিষ্ট Act অনুযায়ী উল্লিখিত জমি সমূহ কর্তৃপক্ষের অনুকূলে বরাদ্দ দেওয়ার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে পত্র দেওয়া হয়েছে।<br>ঘ) বেবিচকের অধিগ্রহণকৃত হশাআবি এলাকায় RAB ও APBN কর্তৃক অতিরিক্ত জমি দখলে থাকায় সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে কর্তৃপক্ষের চেয়ারম্যানের সভাপতিত্বে সভা হয়। সভার সিদ্ধান্ত মতে অতিরিক্ত দখলকৃত জায়গায় বেবিচকের তৃতীয় টার্মিনালের ওয়ার হাউজ নির্মাণের নিমিত্ত উক্ত জমি RAB এবং APBN-কে জরুরি ভিত্তিতে বেবিচকের নিকট হস্তান্তরের জন্য নির্দেশনা প্রদান করে পত্র দেওয়া হয়েছে।<br>ঙ) ঢাকাসহ দেশের অন্যান্য বিমানবন্দরে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক বরাদ্দকৃত জমির অতিরিক্ত জমি পরিমাপ করার জন্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ও সিএএবি কর্তৃক ডিজিটাল সার্ভে কার্য সম্পাদন করা হয়েছে। হশাআবিতে নির্মিত ৩য় টার্মিনালের জন্য অনেক জায়গার প্রয়োজন হওয়ায় কিছু বিষয়ে বেবিচক ও বিমানের উর্ধ্বতন কর্মকর্তাগণ যৌথভাবে বসে সিদ্ধান্ত নিতে হবে। উল্লেখ্য যে, বিমান কর্তৃক দাবিকৃত আশকোনার জায়গার লিজ এর মেয়াদ অনেক আগেই শেষ হয়েছে। কর্তৃপক্ষের প্রয়োজনে জায়গাটি জরুরি ভিত্তিতে দখলমুক্ত করা আবশ্যক। | খ) প্রতিমাসের সমন্বয় সভায় বেবিচক ও বাপক ২/৩ টি জেলার জমির তথ্য উপস্থাপন করতে হবে। একইসাথে বেদখলকৃত জমির ডাটাবেজ প্রস্তুত এবং বেদখলকৃত জমি উদ্ধারের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>গ) ব্রিটিশ আমলে নির্মিত বিমানবন্দরসমূহের জায়গাগুলো বেবিচক'র নামে আনয়নের বিষয়ে বেবিচক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>ঘ) সকল (ঘ) সংস্থায় জমি দখল/প্রাপ্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>ঙ) বেবিচক ও বিমানকে নিয়েএকসাথে বসে অতিরিক্ত সচিব (বিমান ও সিএ) আশকোনার জায়গার বিষয়টি মীমাংসা করার অনুরোধপূর্বক এবিষয়ে গৃহিত কার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | পরিচালক (এটিএম)/উপ-পরিচালক (সম্পত্তি) |
| ১০। | ব্লু ইকনোমি | পরিচালক (এটিএম) জানান, বেবিচকের এয়ার ট্রাফিক সার্ভিস প্রদানকারী জনবলসহ নতুন নিয়োগবিধি অনুযায়ী জনবল নিয়োগের কার্যক্রম চলমান। নতুন জনবল নিয়োগের পর প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধিকরতঃ অর্জিত জলসীমার উপরস্থ আকাশসীমা পর্যন্ত FIR বর্ধিতকরণের প্রস্তাব করা হবে। এ লক্ষ্যে এটিএম সিস্টেম অটোমেশনের জন্য গৃহীত জি টু জি প্রকল্পের আওতায় অত্যাধুনিক RADAR/ADS-B, RCAG, CPDLC ইত্যাদি স্থাপনের নিমিত্ত ক্রয়চুক্তি সম্পাদনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | ব্লু ইকনোমি (সুনীল অর্থনীতি) বিষয়ে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে ছক অনুযায়ী মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে। একইসাথে "ওশান ট্যুরিজম নীতিমালা" মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (এটিএম) |
| ১১। | হশাআবিসহ সিএএবি আ/এ মশক নিধন কার্যক্রম | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মশক নিধন করার জন্য রুটিন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বিমানবন্দরের অভ্যন্তর এলাকায় খাল, পুকুর , ডোবা, নালা জায়গাসমূহকে যথাযথভাবে পরিস্কার করা হচ্ছে। বিমানবন্দরের এয়ার ও ল্যান্ড সাইডের বিভিন্ন খাল ও পুকুরে মশার লার্ভা নিধনকারী গাপ্পিমাছ অবমুক্ত করা হয়েছে। বছরজুড়ে নিয়মিত মশক নিয়ন্ত্রণ কার্যক্রম ও নজরদারি পরিচালনা করা হচ্ছে। সমন্বিত মশক নিয়ন্ত্রণ কার্যক্রমের মাধ্যমে মশার লার্ভা ও পূর্ণ বয়স্ক মশা নিয়ন্ত্রণ প্রক্রিয়া অব্যাহত রয়েছে। এয়ারপোর্টের বিভিন্ন স্থানে মসকিউটো ট্রাপ স্থাপন করা হয়েছে। এছাড়া, বিমানবন্দরের ভিতরে ও বাহিরে নিয়মিত মশার ঔষধ (লার্ভিসাইড, মলোথিয়ান, ল্যাম্বাডা সাইহ্যালোথ্রিন (রীভা) ২.৫ ইসি) এর মাধ্যমে ইনসাইড স্প্রে ও ফগিং কাযক্রম অব্যহত রয়েছে। উল্লিখিত পদক্ষেপসমূহ গ্রহণের ফলে মশার উপদ্রব হ্রাস পেয়েছে। এছাড়া, হশাআবি'র মশা নির্মূলের | বিমানবন্দরে মশক নিধনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং গৃহীত কার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। একইসাথে এবিষয়ে কর্মপরিকল্পনা গ্রহণসহ একটি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক(হশাআবি) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জন্য কর্ম পরিকল্পনা গ্রহণসহ প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | | |
| ১২। | বিবিধ | ক) বর্তমানে ৪টি EDS রয়েছে। তন্মধ্যে ৩টি ভালভাবে সচল রয়েছে। ১টি EDS অকেজো রয়েছে। আরও ৩টি নতুন যুক্ত হওয়ার অপেক্ষায় রয়েছে। উক্ত ০৩টি EDS সরবরাহের নিমিত্ত Factory Acceptance'র জন্য পত্র পাওয়া গেছে। FAT-টিম সে খানে যাওয়ার পর প্রস্তুতকারী প্রতিষ্ঠান EDS-সমূহ হস্তান্তর করবেন।<br>খ) শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-এ অ্যাপ্রোচ লাইটিং-এর জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক)-এর মালিকানাধীন ২.৮৫ একর জমি বেবিচক'র অনুকূলে হস্তান্তর করার জন্য চবক-এর সাথে আলোচনা অব্যাহত আছে। | ক) রপ্তানি কার্গো টার্মিনালের EDS, Scanner-সহ অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতির অপারেশনের বিষয়টি মন্ত্রণালয়েকে অবহিত করতে হবে।<br>খ) শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-এ অ্যাপ্রোচ লাইটিং-এর জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক)-এর মালিকানাধীন ২.৮৫ একর জমি বেবিচক'র অনুকূলে হস্তান্তর করার জন্য চবক-কে পুনরায় তাগিদপত্র দিতে হবে | পরিচালক (সিএনএস)<br><br>পরিচালক (প্রশাসন) |

২.০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি,বিএসপি,বিইউপি,এনডিইউ,এএফডব্লিউসি,পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.১৫.০০৭.২১- ৯৫২৭ তারিখঃ২২ /০৯/২০২২ খ্রিঃ

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

০১. সদস্য ............................................... (সকল), সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী, সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৩. নির্বাহী পরিচালক, সেমসু, সিএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৪. নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
০৫. পরিচালক ......................................................................(সকল), সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৬. পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি), সিএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৭. পরিচালক (সিএনএস), সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ সহ)।
০৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), সিএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৯. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
১০. উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা/অডিট/গণসংযোগ), সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১১. চেয়ারম্যানের একান্ত সচিব, সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১২. জনাব জান্নাতুল ফেরদৌস, সহকারী পরিচালক (সিএনএস), সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১৩. বিমানবন্দর ব্যবস্থাপক..........................................(সকল)।

( মোঃ জহিরুল ইসলাম )
পরিচালক (প্রশাসন)
সিএবি, সদর দপ্তর, ঢাকা।
ফোন-৮৯০১৪১২